সমকাল

তারিখ ... 09 NOV 2016 ...
পৃষ্ঠা ...৬... কলাম ...৩...

## ছয় মাস বেতন নেই শিক্ষকদের!

শ্যামপুর মডেল স্কুল অ্যান্ড কলেজের শিক্ষক-কর্মচারীরা ছয় মাস ধরে বেতন-ভাতা না পেয়ে মানবেতর জীবনযাপন করছেন। ছয় মাস ধরে বেতনবিহীন থাকা শিক্ষকরা পাঠদান করাতে গিয়ে মনোযোগ দিতে পারছেন না। রাজধানীর শ্যামপুর এলাকার এ প্রতিষ্ঠানটিতে ১১শ' শিক্ষার্থী ও ৫২ জন শিক্ষক-কর্মচারী রয়েছেন। প্রতিষ্ঠানের তহবিলে কোনো টাকা না থাকায় গত মে মাস থেকে চলতি অক্টোবর পর্যন্ত প্রতিষ্ঠানের ৫২ জন শিক্ষক-কর্মচারী বেতন-ভাতা পাননি। এদের মধ্যে ২১ জন শিক্ষক। পরিচালনা কমিটির সভাপতি পরিচালনা কমিটির সদস্যদের নিয়ে একটি বোর্ড মিটিংয়ের আয়োজন করেন। অর্থ ছাড়ের জন্য অর্থ মন্ত্রণালয় ছাড়া কোনো উপায় নেই। তাই গত এপ্রিল মাসে অর্থ ছাড়ের জন্য অর্থ মন্ত্রণালয়ে একটি ডিও লেটার দেওয়া হয়। তবে এখন পর্যন্ত কোনো আশার আলো দেখা যাচ্ছে না। প্রতিষ্ঠানটি পরিচালনার জন্য বার্ষিক প্রায় তিন কোটি টাকা প্রয়োজন। তবে এই টাকার দুই কোটি ৮০ লাখ টাকাই ঘাটতি থাকে। প্রতিষ্ঠানটির ৫২ জন শিক্ষক-কর্মচারীর মাসিক বেতন বাবদ দরকার হয় প্রায় ১৬ লাখ টাকা। তবে শিক্ষার্থীদের বেতন, পরীক্ষা ফি ও অন্যান্য বাবদ মাসে তিন থেকে চার লাখ টাকার আয় হয়। কিন্তু এ অর্থে তো আর শিক্ষক-কর্মচারীদের বেতন মেটানো সম্ভব নয়। তাই ছয় মাস বেতন না পেয়ে তারা পড়েছেন মহাসংকটে। কলেজে বর্তমানে প্রায় ১১শ' শিক্ষার্থী আছে। শিক্ষার্থী ও অসহায় শিক্ষক-কর্মচারীদের পরিবারের অবস্থা বিবেচনায় এ ব্যাপারে দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে আবেদন জানাচ্ছি।

আবদুল্লাহ ইমরান
শ্যামপুর, ঢাকা